অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/28/2024 **গভর্নর ক্যাথি হোকল**

দুই বছরের পর্যালোচনার পর, গভর্নর হোকল চূড়ান্ত আন্তঃএজেন্সি চরম তাপ কর্মপরিকল্পনা প্রকাশ করলেন

আন্তঃএজেন্সি পরিকল্পনাটি সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে এবং ক্ষতিকর স্বাস্থ্য প্রভাবের বর্ধিত ঝুঁকিতে থাকা নিউ ইয়র্কবাসীর জন্য চরম তাপের প্রভাব সমাধান করার জন্য গভর্নরের স্টেট অফ দ্য স্টেট নির্দেশনাকে অগ্রসর করে

স্টেটের এজেন্সিসমূহ ইতিমধ্যেই গত সপ্তাহের চরম তাপ আবহাওয়া ইভেন্টকে সামনে রেখে নির্দিষ্ট কিছু সুপারিশ বাস্তবায়ন করেছে

গভর্নর ক্যাথি হোকল আজকে স্টেটের চরম তাপ কর্মপরিকল্পনা (Extreme Heat Action Plan, EHAP) প্রকাশের ঘোষণা করলেন, যা নিউ ইয়র্কবাসীর, বিশেষ করে সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে বাস করা এবং চরম তাপের ক্ষতিকর স্বাস্থ্য প্রভাব দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়ার সবথেকে বেশি ঝুঁকিতে থাকা নিউ ইয়র্কবাসীর উপর চরম তাপের বিপদ ও প্রভাবের জন্য পরিকল্পনা করা ও এর সমাধান করা সম্পর্কিত 2022 স্টেট অফ দ্য স্টেটের একটি প্রতিশ্রুতি পূরণ করে। নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) নেতৃত্বে তৈরি এই পরিকল্পনাটির মূল উদ্দেশ্য আন্তঃএজেন্সি প্রয়াসের সমন্বয় করা এবং ক্রমবর্ধমানভাবে ঘনঘন ও তীব্র চরম তাপের ইভেন্টের স্থানীয় প্রভাব প্রশমন করা, এবং একই সাথে স্টেটের বিনিয়োগ যাতে তাপের সংস্পর্শের সম্মুখসারিতে থাকা সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে অগ্রাধিকার প্রদান করে তা নিশ্চিত করতে সাহায্য করা।

"যেমনটি নিউ ইয়র্কবাসীরা এই গত সপ্তাহে দেখেছে, জলবায়ু পরিবর্তনের সাথে সাথে চরম তাপের আবহাওয়া ইভেন্ট বাড়তেই থাকবে এবং বহু নিউ ইয়র্কবাসীর, বিশেষ করে সুবিধাবঞ্চিত সম্প্রদায় এবং অশ্বেতাঙ্গ সম্প্রদায়ের নিউ ইয়র্কবাসীর জীবন ও জীবিকাকে ঝুঁকিগ্রস্ত করবে," **গভর্নর হোকল বলেন।** "বহু এজেন্সি চরম তাপ কর্মপরিকল্পনাটি একটি সম্পূর্ণ ব্যাপ্তির চরম তাপ সংস্পর্শ ও ঝুঁকির সমাধান করে, এবং এটি আমাদের সবথেকে দুর্বল বাসিন্দাদের সুরক্ষিত রাখতে আমাদের অব্যাহত প্রয়াসের অনুবর্তী।"

2022 সালে জলবায়ু পরিবর্তনের কারণে অধিক ঘনঘন এবং তীব্রতর মাত্রার চরম তাপ ইভেন্টের সাড়াদান হিসেবে গভর্নর হোকল পরিবেশ সংরক্ষণ বিভাগ এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা

ও বিকাশ কর্তৃপক্ষকে একটি চরম তাপ কর্মপরিকল্পনা তৈরি করার নির্দেশ প্রদান করেন। সম্প্রদায়ের অংশীদার, পরিকল্পনাকারী, অভিযোজন অনুশীলনকারী, স্থানীয় সরকারের নেতৃবৃন্দ, এবং একাডেমিক অভিজ্ঞ ব্যক্তিদের সাথে চরম তাপের সংস্পর্শের সমাধানের তাৎক্ষণিক এবং দীর্ঘমেয়াদি পদক্ষেপ সংক্রান্ত ব্যাপারে সহযোগিতা রকার জন্য EHAP কর্মগোষ্ঠী (EHAP Work Group) 25টির বেশি স্টেট এজেন্সিকে সমবেত করে, সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে অসমতা নির্মূল করা এর একটি প্রদান উদ্দেশ্য হবে। পরিকল্পনাটি প্রমাণভিত্তিক এবং সমতার অভিযোজনকে অগ্রাধিকার প্রদান করে তা নিশ্চিত করার জন্য DEC এবং NYSERDA একটি সম্প্রদায় উপদেষ্টা প্যানেল (Community Advisory Panel) এবং একটি বৈজ্ঞানিক উপদেষ্টা প্যানেল (Scientific Advisory Panel) সমবেত করেছে যাতে প্রভাবিত সম্প্রদায় এবং একাডেমিয়ার দৃষ্টিভঙ্গি অন্তর্ভুক্ত করা যায়।

পরিবেশ সংরক্ষণ বিভাগের অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেন, "জলবায়ু পরিবর্তন শুধু আমাদের পরিবেশকে প্রভাবিত করছে না, বরং এছাড়াও তীব্র জনস্বাস্থ্য ফলাফলে অবদান রাখছে, বিশেষ করে ঐতিহাসিকভাবে পরিবেশ দূষণ দ্বারা অতিরিক্ত চাপযুক্ত সম্প্রদায়সমূহের জন্য। গভর্নর হোকলের নির্দেশনার অধীনে, চরম তাপ কৌশল ও সমাধান তৈরির জন্য NYSERDA এবং কয়েক ডজন স্টেট এজেন্সির সাথে DEC কাজ করেছে এবং স্টেকহোল্ডারদের সাথে জড়িত হয়েছে। চরম তাপ কর্মপরিকল্পনা দিয়ে চরম তাপ এবং জলবায়ু সঙ্কটের সমাধান করা অব্যাহত রাখতে এবং একই সাথে নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখার কৌশল সনাক্ত করতে আমাদের স্থানীয় ও স্টেট অংশীদার, আইনসভা, এবং অন্যান্য মুখ্য স্টেকহোল্ডারদের সাথে কাজ করার জন্য DEC উন্মুখ।"

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "চরম তাপ কর্মপরিকল্পনা প্রদর্শন করে যে কৌশলী সহযোগিতার মাধ্যমে জলবায়ু পরিবর্তনের কারণে ক্রমবর্ধমান সংখ্যার অসহ্য গরম দিনগুলির দ্বারা প্রভাবিত দুর্বল নিউ ইয়র্কবাসীর জন্য আরো সংস্থান নিউ ইয়র্ক উপলভ্য করতে পারে। বিশেষ করে সুবিধাবঞ্চিত এলাকাসমূহে বর্ধিত সম্প্রদায়ের স্থিতিস্থাপকতার পথ তৈরি এবং কুলিং সেন্টারের অ্যাক্সেস নিশ্চিত করতে এবং একই সাথে শক্তির ব্যয় এবং কুলিং সরঞ্জামের ব্যয় হ্রাস করতে গভর্নরের আন্তঃএজেন্সি কর্মপরিকল্পনা তৈরিতে পরিবেশ সংরক্ষণ বিভাগ এবং অন্যান্য সহযোগী এজেন্সির সাথে কাজ করতে পেরে NYSERDA গর্বিত।"

তাপের ক্ষেত্রে দুর্বলতার কাঠামোগত চালক এবং সবথেকে দুর্বল নিউ ইয়র্কবাসীদের উপর এর অসামঞ্জস্যপূর্ণ প্রভাবের সমাধান করার জন্য EHAP 49টি স্টেট নেতৃত্বাধীন পদক্ষেপ ও সুপারিশকে সনাক্ত করতে পেরেছে। এই পরিকল্পনায় সনাক্ত করা চরম তাপের ক্ষেত্রে সবথেকে ঝুঁকিগ্রস্ত জনগোষ্ঠীর মধ্যে রয়েছে নিম্ন আয় এবং অশ্বেতাঙ্গ সম্প্রদায়ের বাসিন্দা, আদিবাসী মানুষ, নির্দিষ্ট ঘরের ভেতরে ও বাইরের কর্মী, বয়স্ক প্রাপ্তবয়স্ক এবং ছোট শিশু, গর্ভবতী মা, নির্দিষ্ট কিছু পূর্ব থেকেই বিদ্যমান থাকা অসুস্থতা যেমন ডায়াবেটিস বা হৃদরোগে আক্রান্ত ব্যক্তি, অক্ষমতাসহ ব্যক্তি, নির্দিষ্ট মাদক ও ওষুধ ব্যবহারকারী, মামলায় জড়িয়ে পড়া ব্যক্তি, অভিবাসী, ভাষা প্রতিবন্ধকতার সম্মুখীন হওয়া মানুষ এবং আবাসন অনিরাপত্তায় ভুগতে থাকা মানুষ।

স্থানীয় সম্প্রদায়সমূহকে কারিগরি সহায়তা প্রদান করা, অসমতার সমাধান করতে এবং শহুরে তাপ দ্বীপের প্রভাব হ্রাস করতে এবং বাড়িতে ও পাবলিক স্পেসে কুলিংয়ের সমান অ্যাক্সেস

উন্নত করতে প্রকৃতিভিত্তিক সমাধানের বাস্তবায়নের মাত্রা বৃদ্ধি করা অগ্রসর করার মাধ্যমে পরিকল্পনাটি অভিযোজনের ক্ষেত্রে সমতাকে অগ্রাধিকার প্রদান করে। DEC এর চরম তাপ ওয়েবসাইটে এখানে পরিকল্পনাটি পাওয়া যাবে।

চরম তাপে অভিযোজনের জন্য সম্প্রদায়সমূহকে সাহায্য করতে সুপারিশসমূহকে চারটি অ্যাকশন ট্র্যাকে বিভক্ত করা হয়েছে:

- **অ্যাকশন ট্র্যাক 1: অভিযোজন পরিকল্পনা এবং বাস্তবায়ন** চরম তাপের প্রভাবের জন্য তাদের পরিকল্পনার কাজে এবং অভিযোজন কর্মকাণ্ডের সমন্বয়ের ব্যাপারে সম্প্রদায়সমূহকে সমর্থন করে। এই ট্র্যাকের উদ্দেশ্য হলো একটি সম্প্রদায়ের স্বাস্থ্য ও পরিবেশ সংক্রান্ত সমস্যায় সমাধানের ধারণক্ষমতা, বা সক্ষমতাকে বলীয়ান, প্রসার, এবং সমর্থন করার মাধ্যমে স্থানীয় সম্প্রদায়সমূহকে সমভাবে অভিযোজন করার ক্ষমতা প্রদান করা। অতিরিক্ত আঞ্চলিক পরিকল্পনা এবং সমন্বয়, আঞ্চলিক সম্প্রদায়ের স্থিতিস্থাপকতা নেটওয়ার্ক গঠন, এবং সম্মুখসারির সম্প্রদায়, স্কুল, আদিবাসী মানুষ, এবং অন্যান্য প্রভাবিত জনগোষ্ঠীর সাথে সহযোগিতা গভীর করা এবং অন্যান্য পদক্ষেপকে সমর্থন করার মাধ্যমে এটি অর্জন করা হয়।
- **অ্যাকশন ট্র্যাক 2: প্রস্তুতি, যোগাযোগ, এবং কর্মী নিরাপত্তা** নিশ্চিত করে যাতে নিউ ইয়র্কের কর্মীসহ সকল মানুষ তাপের ইভেন্টের পূর্বে ও সময় অবগত ও সুরক্ষিত থাকতে পারে। এই ট্র্যাকটি একটি সম্প্রদায়ের সম্পূর্ণ স্বাস্থ্য, সুস্থতা, এবং স্থিতিস্থাপকতাকে এমন পদক্ষেপের মাধ্যমে প্রচার করে যেখানে স্থানীয় এবং আঞ্চলিক তাপ জরুরি পরিকল্পনার বিকাশ, কুলিং সেন্টারের বর্ধিত অ্যাক্সেস, নিরাপদ সাঁতার কাঁটা, জরুরি আশ্রয়কেন্দ্র এবং আরো স্পষ্টভাবে জনগণকে বার্তা প্রেরণ, ইত্যাদি অতিরিক্ত ব্যবস্থাকে অন্তর্ভুক্ত করা হবে।
- **অ্যাকশন ট্র্যাক 3: নির্মিত পরিবেশ, অবকাঠামো, এবং ব্যবস্থাপিত স্থান** স্থিতিস্থাপক এবং নিরাপদ অবকাঠামো এবং অন্যান্য নির্মিত স্থানকে সমর্থন করে। এই ট্র্যাকের লক্ষ্য হলো নির্মিত পরিবেশ তৈরি করা এবং সম্প্রদায়ের জীবনীশক্তি অবকাঠামোকে বলীয়ান করা যাতে সেগুলি উচ্চ তাপমাত্রা থেকে স্বস্তি দিতে পারে এবং শহুরে তাপ দ্বীপ প্রভাবের মোকাবেলা করতে পারে। এই পদক্ষেপটি অভ্যন্তরীণ এবং আউটডোরের থার্মাল স্বাচ্ছন্দ্যের সমান অ্যাক্সেসকে অগ্রাধিকার প্রদান করা সমর্থন করে যার মধ্যে থাকবে শক্তি এবং কুলিং সরঞ্জামের ব্যয় হ্রাস করা, এবং থার্মাল স্থিতিস্থাপকতার প্রচার, ভবনের ওয়েদারাইজেশন এবং ডিকার্বোনাইজেশন করা, ইত্যাদি।
- **অ্যাকশন ট্র্যাক 4: ইকোসিস্টেমভিত্তিক অভিযোজন** ইকোসিস্টেম সেবার সুবিধাকে সুরক্ষিত ও বলীয়ান করে এবং প্রকৃতিভিত্তিক সমাধানকে অগ্রসর করার মাধ্যমে তাপের অভিযোজনকে অগ্রাধিকার প্রদান করে। এই ট্র্যাকটি ইকোসিস্টেম, জীববৈচিত্র্যকে নিরাপদ ও সংরক্ষিত রাখে এবং সকল নিউ ইয়র্কবাসী যাতে এসব জীবনরক্ষাকারী সুবিধা দ্বারা সমভাবে লাভবান হতে পারে তা নিশ্চিত করে। পদক্ষেপটি শহুরে এবং সম্প্রদায়ের বনায়নকে সমর্থন করে, সবুজ অবকাঠামোর ইকোসিস্টেম এবং সম্প্রদায়ের অভিযোজিত সুবিধা সর্বোচ্চ করার সেরা অনুশীলন তৈরি করে, এবং আর্বোরিস্ট, ফরেস্টার, এবং অন্যান্যদের প্রশিক্ষণের তহবিল প্রদান করে যাতে তাপের অভিযোজিত গাছ ও বীজ উৎপাদনের মাত্রা বৃদ্ধি করা যায়।

পরিকল্পনার বাস্তবায়নে রয়েছে ফেডারেল, স্টেট, এবং স্থানীয় অংশীদারদের মধ্যে কার্যকর যোগাযোগ, সমন্বয়, এবং সহযোগিতা। EHAP কর্মগোষ্ঠীতে অংশগ্রহণকারী স্টেট এজেন্সি এবং কর্তৃপক্ষসমূহ একটি বাস্তবায়ন কমিটি স্থাপন করছে যারা বাস্তবায়নের সমন্বয় করার জন্য এবং স্টেটের এজেন্সি ও কর্তৃপক্ষকে সমর্থন করার জন্য, এবং একই সাথে একটি চলমান ভিত্তিতে জনগণের মতামত গ্রহণ, বিবেচনা ও সংযুক্ত করার জন্য নিয়মিত বৈঠক করবে।

চরম তাপ কর্মপরিকল্পনা সম্পর্কে প্রশ্ন উপস্থাপন ও গ্রহণ করার জন্য 9 জুলাই দুপুর 2টা থেকে 3টা পর্যন্ত এবং 10 জুলাই সন্ধ্যা 6টা থেকে 7টা পর্যন্ত DEC এবং NYSERDA দুইটি ওয়েবিনার আয়োজন করবে। ওয়েবিনারে DEC এবং NYSERDA এবং স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES) এবং স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) প্রেজেন্টেশন থাকবে যেখানে পরিকল্পনার উপর আলোকপাত করা হবে এবং যা সংশ্লিষ্ট স্টেট উদ্যোগসমূহ এবং তাপ স্বাস্থ্য প্রয়াস সম্পর্কে অতিরিক্ত তথ্য প্রদান করা হবে।

চরম তাপ কর্মপরিকল্পনায় মতামত প্রদান করার জন্য জনগণের কাছে চলমান সুযোগ থাকবে। অতিরিক্ত তথ্যের জন্য DEC এর ওয়েবসাইট ভিজিট করুন।

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেন, "গত সপ্তাহে, নিউ ইয়র্ক স্টেট একাধিক ধারাবাহিক দিনে চরম তাপ দেখেছি এবং আমরা সম্পূর্ণ আশঙ্কা করছি যে এখন পুরো গ্রীষ্মকালজুড়ে এরকম হওয়াই স্বাভাবিক হবে। গভর্নর হোকল এই পরিকল্পনাটি করার ক্ষেত্রে অগ্রগামী চিন্তা করেছেন এবং আমাদের জরুরি কর্মকাণ্ডে ইতিমধ্যেই এই সুপারিশ যুক্ত করা হচ্ছে। চরম তাপ হলো মার্কিন যুক্তরাষ্ট্রের শীর্ষ আবহাওয়া সম্পর্কিত মৃত্যুর কারণ এবং মানুষ যেভাবে হারিকেন, বন্যা এবং শীতকালীন ঝড়ের মতো অন্যান্য জরুরি অবস্থার জন্য প্রস্তুতি গ্রহণ করে সেই রকম এর প্রভাবের ব্যাপারে প্রস্তুত হওয়ার জন্যও পদক্ষেপ গ্রহণ শুরু করা অতি গুরুত্বপূর্ণ।"

স্বাস্থ্য বিভাগের কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "চরম তাপ ইভেন্ট আরো ঘনঘন সংঘটিত হওয়া বাস্তবতায় পরিণত হচ্ছে এবং জলবায়ু পরিবর্তনের ক্রমবর্ধমান প্রভাব এবং নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও নিরাপত্তায় এর প্রভাবের সম্মুখীন হচ্ছি। গভর্নর হোকলের আন্তঃএজেন্সি পন্থাটি আমাদের স্থানীয় সম্প্রদায়সমূহকে সমর্থন করবে এবং বিপজ্জনক উচ্চ তাপমাত্রার নেতিবাচক স্বাস্থ্য প্রভাব, বিশেষ করে দুর্বল জনগোষ্ঠীর উপর এই প্রভাব প্রশমন করবে। আমি চাই সকল নিউ ইয়র্কবাসী এই ব্যাপারকে গুরুত্ব প্রদান করুক এবং অনুধাবন করুক যে শুধু তাপ নয়, বরং আর্দ্রতাও একটি বিপদ এবং আমাদের স্টেট যখন চরম তাপ দ্বারা আক্রান্ত হবে তখন অনুগ্রহ করে আমাদের সতর্কতা দেখুন, আমাদেরকে সোশ্যাল মিডিয়াতে ফলো করুন, আপনার হিট এবং বাতাসের মানের ইনডেক্স দেখুন, এবং সবথেকে বেশি গুরুত্বপূর্ণ হলো, ঠাণ্ডা থাকুন, হাইড্রেটেড থাকুন, এবং আপনার দুর্বল বন্ধু, পরিবার, ও প্রতিবেশীর দিকে খেয়াল রাখুন।"

নিউ ইয়র্ক স্টেট চরম তাপের সমাধানে অতিরিক্ত পদক্ষেপ গ্রহণ করছে, যেমনটি 2022 জলের জুন মাসে প্রকাশিত অন্তর্বর্তীকালীন সুপারিশে বলা হয়েছে। এইসব পদক্ষেপের মূল উদ্দেশ্য

হলো তীব্র চাহিদা পূরণ করার জন্য দ্রুত বাস্তবায়ন এবং একই সাথে EHAP কর্মগোষ্ঠী দীর্ঘতর মেয়াদের সমন্বিত প্রয়াস তৈরি করেছে যার উদ্দেশ্য হলো চরম তাপ এবং এর প্রভাব অত্যধিক করে যেই পদ্ধতিগত অসমতা তার প্রশমন করা। এছাড়াও DEC নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) এনভায়রনমেন্টাল সাইন্স এবং ফরেস্ট্রি কলেজের (College of Environmental Science and Forestry) একটি গবেষণা দলের সাথে একটি সমঝোতা স্মারকের আলোচনার শেষ পর্যায়ে রয়েছে যা পুরো নিউ ইয়র্ক স্টেটে তাপ সংস্পর্শের মানচিত্র তৈরি করবে এবং ভূমির ব্যবহার পরিবর্তনের প্রভাব এবং বর্তমান ও ভবিষ্যতের জলবায়ু পরিস্থিতির অধীনে তাপ প্রশমন প্রকল্পের মডেল তৈরির ব্যবস্থা তৈরি করবে।

এছাড়াও পরিকল্পনাটি চরম তাপ জরুরি অবস্থায় DHSES এর নেতৃত্বে হওয়া চলমান সমন্বিত স্টেট সাড়াদানের সম্পূরক। DHSES হলো EHAP কর্মগোষ্ঠীর সদস্য এবং 2023 সালের জুন মাসে তারা স্টেটের সার্বিক জরুরি ব্যবস্থাপনা পরিকল্পনার (State Comprehensive Emergency Management Plan) জন্য চরম তাপ বিষয়ক অ্যানেক্স প্রকাশ করে।

এই গ্রীষ্মকালে চরম তাপ চলমান হওয়ার সম্ভাবনার কারণে নিউ ইয়র্কের স্টেট এজেন্সিগুলিও তাপের প্রভাবের জন্য নিউ ইয়র্কবাসীকে প্রস্তুত হতে সাহায্য করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং প্রস্তুত থাকবে। প্রাণঘাতী তাপের সংস্পর্শ প্রশমন ও তা এড়াতে সাহায্য করতে একাধিক পদক্ষেপ এবং পরামর্শ অনুসরণ করার জন্য গভর্নর হোকল সম্প্রতি জনগণকে উৎসাহিত করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন